কাতারে গ্রেপ্তার সাবেক বিমান বাহিনী প্রধান শেখ আব্দুল হান্নান



সাবেক বিমান বাহিনী প্রধান শেখ আব্দুল হান্নান। ছবি: সংগৃহীত

দুর্নীতির মামলার আসামি বিমান বাহিনীর সাবেক প্রধান এয়ার ভাইস মার্শাল শেখ আব্দুল হান্নান কাতারে গ্রেপ্তার হয়েছেন। গত ১৫ অক্টোবর তাঁকে গ্রেপ্তার করা হয়। রোববার (১৮ অক্টোবর) দুর্নীতি দমন কমিশনের (দুদক) উপপরিচালক মো. আকতারুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেছেন।

দুদককে ই-মেইলের মাধ্যমে গ্রেপ্তারের তথ্য জানিয়েছে আন্তর্জাতিক পুলিশ সংস্থা ইন্টারপোল।

এর আগে, ২০২৫ সালের ১১ নভেম্বর আদালত শেখ আব্দুল হান্নানের দুটি ফ্ল্যাট ক্রোক এবং তাঁর ১০টি ব্যাংক হিসাব অবরুদ্ধ করার আদেশ দেন।

জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগে ২০২৫ সালের ফেব্রুয়ারিতে তাঁর বিরুদ্ধে অনুসন্ধান শুরু করে দুদক। একই বছরের জুলাইয়ে এ অভিযোগে তাঁর বিরুদ্ধে মামলা করে সংস্থাটি।

LENS ASIA